

## সাড়া ফেলেছে কৃষক কার্ড

সমকাল প্রতিবেদক

সময়ের কাজ সময়েই ভালো। একজন প্রবীণ কৃষক হিসেবে মাইনুল ইসলাম তা ভালো করেই জানেন। মৌসুমের নির্দিষ্ট সময়ে বীজ বপন যেমন জরুরি, তেমনি জরুরি সময়মতো সেচ, সার, নিড়ানি এবং কীটনাশক দেওয়া। ফসল সময়মতো কাটাও ভালো ফলনের একটি শর্ত। সময়মতো এর কোনো একটি না হলে ভালো ফলন পাওয়া যায় না। তবে ইচ্ছা সত্ত্বেও সময়মতো অনেকেই কাজ করতে পারেন না। মৌসুমের শুরুতে ফলনের সময় টাকার অভাবে সময়মতো এসব কৃষি উপকরণের ব্যবস্থা না হওয়ায় কৃষক ক্ষতিগ্রস্ত হন বারবার। দিনরাত পরিশ্রমের পরও ফলন পান কম। ফলন ঘরে ওঠানোর পর হাতে টাকা আসে; কিন্তু তখন দেরি হয়ে গেছে। কারণ সময়ের কাজ সময়েই করা দরকার।

ঝিনাইদহ জেলার মহেশপুর উপজেলার ভৈরবা গ্রামের মাইনুল কখনোই কল্পনা করেননি তার কৃষক জীবনের এই সমস্যা কেউ সমাধান করতে পারবেন। যুগ পরম্পরায় তার পূর্বপুরুষদের জীবনে একই অবস্থা দেখেছেন। কায়িক শ্রম ও যত্নের পরও ফলন কম এটাই

যেন নিয়ম হয়ে গেছে। কৃষক মাইনুল ইসলামের ভাষায়, 'আবাদের মৌসুমে হাতে টাকা থাকে না; কিন্তু চাষের জন্য, বীজ, সার ও কীটনাশকের জন্য অনেক টাকা দরকার হয়। সময়মতো এর ব্যবস্থা করতে না পেরে ফলন কম পাই। ব্র্যাক ব্যাংকের এই কার্ড দিয়ে বীজ, সার কেনা যাবে। এমন দিন আসবে স্বপ্নেও ভাবিনি।'



ফলন মৌসুমে এই সমস্যা সমাধানের জন্য বাংলাদেশে প্রথমবারের মতো কৃষকদের জন্য 'কৃষক কার্ড' নিয়ে এসেছে ব্র্যাক ব্যাংক লিমিটেড। কৃষক কার্ডের সাহায্যে বীজ রোপণের মৌসুমে কৃষক ঋণ নিয়ে বীজ, সার, কীটনাশক, কৃষি যন্ত্রপাতিসহ অন্যান্য সামগ্রী কিনতে পারবেন এবং শস্য ঘরে তোলার পর টাকা পরিশোধ করতে পারবেন। এই কার্ডের সাহায্যে কৃষক প্রয়োজন অনুযায়ী যে কোনো সময় নগদ টাকাও তুলতে পারবেন। কৃষক কার্ড সম্পর্কে ব্র্যাক ব্যাংকের ব্যবস্থাপনা পরিচালক ও প্রধান নির্বাহী কর্মকর্তা সৈয়দ মাহবুবুর রহমান বলেন, 'ক্ষুদ্র ও মাঝারি (এসএমই) খাতের ব্যাংক হিসেবে ব্র্যাক ব্যাংক সবসময়ই গণমানুষের জন্য উদ্ভাবনী সেবা নিয়ে এসেছে।'